গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

**নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০১০.২৬.৩৬৬

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **Advanced Budget Management (ABM) বিষয়ক ১০ম ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সরকারি আর্থিক ব্যবস্থাপনা এবং এর সংস্কার কার্যক্রম সম্পর্কে অবহিত করার লক্ষ্যে অর্থ বিভাগের অধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) এর উদ্যোগে আয়োজিত ০২ (দুই) দিনব্যাপী "Advanced Budget Management (ABM)" বিষয়ক ১০ম ব্যাচের প্রশিক্ষণ **আগামী ২৬-২৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ আইপিএফ, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-তে** অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী ও তাদের অধীন দপ্তর হতে যুগ্মসচিব বা তদূর্ধ্ব/সমপর্যায়ের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) জন কর্মকর্তা অংশগ্রহণের সুযোগ রয়েছে।

০৩। বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য তাঁর কার্যালয় হতে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক **আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে সরাসরি সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ), ভবন নং-১১, লেভেল-১৬, কক্ষ নং-১৭১৪] অথবা ই-মেইলে (traingingsection.fd2@gmail.com)** প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদন ফরম ও বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগ (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের (www.mopa.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৪। মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। চূড়ান্তভাবে মনোনয়ন আদেশ অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) কোর্স শুরুর পূর্বে প্রকাশ করা হবে।

০৫। এ কোর্সটি অনাবাসিক এবং এতে অংশগ্রহণের জন্য কোর্স ফি প্রদান করতে হবে না। উক্ত কোর্স সংক্রান্ত যে কোন তথ্যের জন্য জনাব মোঃ আহসান হাবিব জিতু, উপসচিব (উপপরিচালক), প্রশিক্ষণ, আইপিএফ **(মোবাইল: ০১৬৮২-২৪৫৩৫৫)** এর সাথে যোগাযোগ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। আবেদন ফরম.pdf
২। আবেদন ফরম.docx।

২৫-০৮-২০২৬
মো: মাহবুবুল আলম
সিনিয়র সহকারী সচিব

ফোন : ৫৫১০১৩১৪
ইমেইল : trainingsection.fd@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। মহাপরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। উপসচিব, প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
৯। সচিবের একান্ত সচিব (উপসচিব), অর্থ বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।